

উপাচার্যের সাথে হংকং এর বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ



৩ নভেম্বর, ২০১৯-রবিবার The Education University of Hong Kong এর প্রফেসর লো সিং কাই এর নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে তার কনফারেন্স কক্ষে সাক্ষাৎ করেন। পরবর্তিতে উক্ত প্রতিনিধি দলটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দের সাথে মত বিনিময় করেন। এসময় রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম আনোয়ারা বেগম, অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ, সহকারী অধ্যাপক তারিক হোসেন খান সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।